শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

কৃষ্ণানুশীলন সঙ্ঘ-বাণী

শ্রীগৌড়ীয়াচার্য্যভাস্কর সর্ব্বশাস্ত্রসিদ্ধান্তবিৎ
ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি
শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের ৯৩ তম
শুভার্বিভাব-বাসরে

—বন্দনকুসুমাঞ্জলি—

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সঙ্ঘ রেজিঃ
৪৮৭ দমদম পার্ক, কলি-৫৫

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

কৃষ্ণানুশীলন সঙ্ঘ-বাণী

শ্রীগৌড়ীয়াচার্য্যভাস্কর সর্ব্বশাস্ত্রসিদ্ধান্তবিৎ
ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি
শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের ৯৩ তম
শুভাবির্ভাব-বাসরে

—বন্দনকুসুমাঞ্জলি—

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সঙ্ঘ রেজিঃ
৪৮৭ দমদম পার্ক, কলি-৫৫

প্রাপ্তিস্থান ঃ—

শ্রীচৈতন্য-সারস্বত-কৃষ্ণানুশীল-সঙ্ঘ

(রেজিষ্টার্ড নং—এস/৪৬৫০৬)

৪৮৭, দমদম পার্ক (৩ নং পুকুরের নিকট

কলিকাতা ৭০০০৫৫। ফোন নং ৫৭-৩২৯৩

শ্রীচৈতন্য-সারস্বত মঠ

কোলেরগঞ্জ, পোঃ নবদ্বীপ,

জেলা নদীয়া, পঃ বঃ, ফোন-নবদ্বীপ-৮৫

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন-সঙ্ঘ (গীতাশ্রম)

গৌরবার সাহী, স্বর্গদ্বার, পুরী—পিন ৭৫২০০১—উড়িষ্যা

শ্রীচৈতন্য-সারস্বত আশ্রম

গ্রাম+পোঃ হাপানিয়া, জেলা বর্দ্ধমান।

পশ্চিমবঙ্গ।

নবদ্বীপস্থ শ্রীচৈতন্য-সারস্বত প্রিন্টিং ওয়ার্কস হইতে শ্রীহরিচরণ ব্রহ্মচারী

ও শ্রীরামচন্দ্র ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ-জয়তঃ

শ্রীচৈতন্য-সারস্বত-কৃষ্ণানুশীলন-সংঘের

—ঃ রেজিষ্টার্ড পরিচালক সমিতি ঃ—

প্রতিষ্ঠাতা-সভাপতি

ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য

সর্ব্বশাস্ত্রসিদ্ধান্তবিৎ অষ্টোত্তরশতশ্রী

শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের

অনুকম্পিত ও মনোনীত

বর্ত্তমান সভাপতি-আচার্য্য

পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তিসুন্দর গোবিন্দ মহারাজ

সম্পাদক—

উপদেশক পণ্ডিত শ্রীপ্রপন্নকৃষ্ণ ব্রহ্মচারী

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণানুশীলন সঙ্ঘ (রেজিঃ)

৪৮৭ নং দমদম পার্ক, কলিকাতা ৭০০০৫৫ হইতে প্রকাশিত।

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

পরমপূজ্যপাদ আচার্য্যবর্য্য শ্রীশ্রীল শ্রীধর দেবগোস্বামী মহারাজের ৯৩-তম শুভ আবির্ভাব তিথি পূজাবাসরে

—ঃ দীন-হীনের প্রণতি-পুষ্পাঞ্জলি ঃ—

শ্রীগৌড়ীয়-আচার্য্যবর্য্য পরমপূজ্যপাদ ত্রিদণ্ডিদেবগোস্বামী
শ্রীপাদ ভক্তিপ্রমোদ পুরী মহারাজ

আগামী ৯ দামোদর (৫০১ গৌরাব্দ), ২৯ আশ্বিন (১৩৯৪ বঙ্গাব্দ), ১৬ অক্টোবর (১৯৮৭ খৃষ্টাব্দ) শুক্রবার কৃষ্ণনবমী তিথিতে ওঁ শ্রীনিত্যানন্দান্বয় শ্রীল বীরচন্দ্র প্রভুর শুভ আবির্ভাব-তিথি-পূজা-বাসরে শ্রীধাম নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠের অধ্যক্ষ আচার্য্যবর্য্য পরম পূজনীয় ত্রিদণ্ডিস্বামী শ্রীশ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের ত্রিনবতিতম (ত্র্যধিক নবতিতম বা ৯৩ তম) পরম মঙ্গলময়ী আবির্ভাব-তিথিকে আমি পরমাদরে কায়মনোবাক্যে বন্দনা করিবার সৌভাগ্য বরণ করিতেছি। তিনি আমার তিন বৎসরের বয়োজ্যেষ্ঠ সতীর্থ, শুধু বয়সে জ্যেষ্ঠমাত্র নহেন, বৈষ্ণবোচিত যাবতীয় গুণে সাধনে-ভজনে তিনি আমা অপেক্ষা অনন্ত গুণে শ্রেষ্ঠ, আমার পরমপূজ্য, তাঁহার শ্রীচরণরেণূ আমার মাথার মণি। বৈষ্ণবাচার্য্য ওঁ শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় তাঁহার 'প্রার্থনা মধ্যে বৈষ্ণব-মহিমা এইরূপ কীর্ত্তন করিয়াছেন—

"ঠাকুর বৈষ্ণব পদ অবনীর সুসম্পদ
শুন ভাই হঞা এক মন।
আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ॥

বৈষ্ণব-চরণ-জল প্রেমভক্তি দিতে বল
আর কেহ নহে বলবন্ত।
বৈষ্ণব-চরণ-রেণু মস্তকে ভূষণ বিনু
আর নাহি ভূষণের অন্ত॥

তীর্থজল পবিত্র গুণে লিখিয়াছে পুরাণে
সে সব ভক্তির প্রবঞ্চন।
বৈষ্ণবের পাদোদক- সম নহে এই সব
যাতে হয় বাঞ্ছিত পূরণ॥

বৈষ্ণব সঙ্গেতে মন আনন্দিত অনুক্ষণ
সদা হয় কৃষ্ণ পরসঙ্গ।
দীন নরোত্তম কান্দে হিয়া ধৈর্য্য নাহি বান্ধে
মোর দশা কেন হৈল ভঙ্গ॥"

আমি মূর্খাদপি মূর্খ, ভাষা-জ্ঞানশূন্য, তাহাতে সাধন-ভজনহীন, কোন যোগ্যতাই নাই, তাই আজ কেবল পূজ্যপাদ মহারাজের শুভ আবির্ভাবতিথিতে তাঁহার শ্রীপাদপদ্মে সর্ব্বান্তঃকরণে আমার অন্তর্হৃদয়ের নিষ্কপট প্রণতিপুষ্পাঞ্জলি, নিবেদন করিতেছি। অদোষদরশী গুরুশ্রেষ্ঠ ভজনবিজ্ঞ বৈষ্ণবপ্রবর তিনি, আজ দাতা-কল্পতরু-'ভূরিদা' হইয়া আমার সমগ্র জীবনের জ্ঞাত অজ্ঞাতসারে কৃত সকল অপরাধ—ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করিয়া দীনাধম আমার প্রতি প্রসন্ন হউন, 'শ্রীগুরু-বৈষ্ণবচরণে রতি হউক'—অমায়ায় এই আশীর্ব্বাদ প্রদান করুন। আমার অধন্য জীবন ধন্য হউক—সার্থক হউক।

"মায়ারে করিয়া জয় ছাড়ানো না যায়।
সাধু-গুরু-কৃপা বিনা না দেখি উপায়॥"

পরমারাধ্য প্রভুপাদের নিজজন তিনি, তাঁহার কৃপা হইলেই প্রভুপাদের কৃপা-ধন্য হইবার সৌভাগ্য লাভ করিতে পারিব। আমাদের নিত্যলীলা-প্রবিষ্ট সতীর্থ পূজ্যপাদ মাধব গোস্বামী মহারাজ, বন গোস্বামী মহারাজ-প্রমুখ সকল বৈষ্ণবই পূজ্যপাদ শ্রীধরমহারাজের প্রতি যথাযোগ্য মর্য্যাদা প্রদর্শন করিয়া গিয়াছেন।

ভক্ত-প্রেমবশ্য ভগবান্ তাঁহার নিজ প্রিয়তম ভক্তের পূজাকে নিজের পূজা হইতেও শ্রেষ্ঠ বলিয়া বিচার করেন—'মদ্ভক্ত পূজাভ্যধিকা—অর্থাৎ আমার ভক্তের পূজা আমা হইতে বড়,' ইহা তাঁহারই শ্রীমুখবাক্য। শ্রীহরিভক্তিবিলাসে আগম-বাক্য উদ্ধার করিয়া দেখান হইয়া ছ,—প্রহ্লাদের দুঃখনাশার্থ বৈশাখ মাসে যে শ্রীনৃসিংহ দেবের আবির্ভাবতিথি—'নৃসিংহচতুর্দ্দশী'র উদ্ভব, সেই তিথিতে শ্রীশ্রীনৃসিংহদেবের পূজার পূর্ব্বেই সযত্নে ভক্তরাজ প্রহ্লাদের পূজা বিহিত হইয়াছে—

"প্রহ্লাদ-ক্লেশনাশায় যা হি পুণ্যা চতুর্দ্দশী।
পূজয়েত্তত্র যত্নেন হরেঃ প্রহ্লাদমগ্রতঃ॥"—হঃ ভঃ বিঃ ১৪।১৫৪

বাংলা ভাষার আদিকবি শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর-তাঁহার শ্রীচৈতন্যভাগবত গ্রন্থরত্নের মঙ্গলাচরণে শ্রীচৈতন্যদেবের বন্দনার পূর্ব্বেই শ্রীচৈতন্যপ্রিয়গোষ্ঠীর চরণে দণ্ডবৎপ্রণতি জ্ঞাপনপূর্ব্বক কহিতেছেন—

"এতেকে করিলুঁ আগে ভক্তের বন্দন।
অতএব আছে কার্য্যসিদ্ধির লক্ষণ॥"—চৈঃ ভাঃ আ ১।১০।

সুতরাং ভক্তের বন্দনা, ভক্তের গুণগাথা কীর্ত্তন না করিলে কৃষ্ণকীর্ত্তন জিহ্বায় স্ফূর্ত্তি পায় না, ভক্তের কৃপা না হইলে কৃষ্ণকৃপা সুদূরপরাহত হইয়া পড়ে। কিন্তু হায়! 'বৈষ্ণবের গুণগান করিলে জীবের ত্রাণ" ইহা শত শতবার সাধুমুখে শুনিয়াও নিজ অযোগ্যতা বা ভাগ্যদোষে তাহা করিতে পারি না। পরদুঃখদুঃখী কৃপাসিন্ধু বৈষ্ণবঠাকুর যদি আমাকে অমায়ায় কৃপা করেন, তাহা হইলেই তাঁহাদের গুণকীর্ত্তনে যোগ্যতা পাইয়া এই দুর্ব্বলা লেখনী সবলা হইয়া ধন্য হইতে পারিবে।

কলিযুগপাবনাবতারী শ্রীগৌরহরির করুণাশক্তির মূর্ত্তবিগ্রহ শ্রীল প্রভুপাদ যখন ১৯১৮ সালে ফাল্গুনী পূর্ণিমায় শ্রীধাম মায়াপুরে ত্রিদণ্ড সন্ন্যাস গ্রহণলীলা আবিষ্কার করতঃ শ্রীমন্মহাপ্রভুর শুদ্ধ-ভক্তিসিদ্ধান্তবাণী জগতে প্রচার-কার্য্য আরম্ভ করিলেন, তখন শ্রীমন্মহাপ্রভুরই অলৌকিকী কৃপায় তাঁহার বিভিন্ন যোগ্যতা-সম্পন্ন নিজজনগণ প্রভুপাদের কার্য্যে সহায়তা করিবার জন্য চতুর্দ্দিক্ হইতে তাঁহার শ্রীচরণান্তিকে আসিয়া মিলিত হইতে লাগিলেন। তন্মধ্যে শ্রীপাদ শ্রীধর মহারাজ অন্যতম। তিনি উচ্চ ব্রাহ্মণ-কুলে, বিশেষতঃ পণ্ডিতবংশে সমুদ্ভূত, উচ্চশিক্ষিত—ইংরাজী, সংস্কৃত ও বাংলা ভাষায় সুপণ্ডিত, অথচ আভিজাত্য পাণ্ডিত্যাদির অভিমানশূন্য। তাঁহার পূর্ব্বনাম—শ্রীরামেন্দ্র সুন্দর ভট্টাচার্য্য। প্রভুপাদ তাঁহাকে মন্ত্রদীক্ষা দানের কিছুদিন পরেই শাস্ত্রজ্ঞান সম্পন্ন, পাঠ-বক্তৃতাদি বিষয়ে প্রচার-কার্য্যের উপযোগী ও বিষয়-বিরক্ত জানিয়া ত্রিদণ্ডসন্ন্যাস প্রদান করিলেন এবং নামকরণ করিলেন—ত্রিদণ্ডিভিক্ষু শ্রীভক্তিরক্ষক শ্রীধর। পূজ্যপাদ মহারাজ শ্রীগুরুপাদপদ্মের কৃপাশক্তি-সঞ্চারিত হইয়া ভারতের বিভিন্ন স্থানে বহু বিদ্বন্মণ্ডলী-মণ্ডিত সভায় শুদ্ধভক্তিপ্রতিকূল অপসিদ্ধান্ত খণ্ডনপূর্ব্বক শুদ্ধভক্তির অনুকূল সুসিদ্ধান্ত স্থাপন করিতে লাগিলেন। তাঁহার সচ্ছাস্ত্র-সিদ্ধান্ত-স্থাপন-নৈপুণ্য-দর্শনে পরমারাধ্য প্রভুপাদ অত্যন্ত সুখানুভব করিতে থাকিলেন। বস্তুতঃ তাঁহার প্রভুদত্ত 'ভক্তিরক্ষক শ্রীধর' নাম সার্থক হইল। শ্রীধরস্বামিপাদ যেমন 'ভক্ত্যেকরক্ষক'—শ্রীধরঃ সকলং বেত্তি শ্রীনৃসিংহপ্রসাদতঃ', তেমন ভক্তপ্রবর শ্রীধর মহারাজও ভগবদভিন্ন-প্রকাশ-বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের প্রচুর কৃপাশীর্ব্বাদ-ভাজন হইয়া তাঁহাকে প্রচুর সুখদান করিতে লাগিলেন। শ্রীপাদ শ্রীধর মহারাজ, শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ, শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ, শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু (পরে শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী মহারাজ), শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী (পরে ত্রিদণ্ডিস্বামী

শ্রীমদ্ভক্তিদয়িত মাধব গোস্বামী মহারাজ) প্রমুখ কৃতী সন্ন্যাসী ও ব্রহ্মচারী শিষ্যগণের সাহচর্য্যে প্রভুপাদ ভারতের বিভিন্ন স্থানে শুদ্ধভক্তি-প্রচারকেন্দ্র স্বরূপ মঠ-মন্দির স্থাপন-পূর্ব্বক বিপুল উদ্যমে শ্রীচৈতন্য-বাণী প্রচার করিতে লাগিলেন। বহু ভক্তিগ্রন্থ মুদ্রিত হইল, দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক — ছয়খানি পত্রিকা প্রভুপাদের প্রচার কার্য্যে সহায়তা করিতে লাগিল। শ্রীল প্রভুপাদের ইচ্ছায় পাশ্চাত্ত্যদেশে পর্য্যন্তও প্রচার প্রসারিত হইল। পূজ্যপাদ শ্রীধর মহারাজের এক একটি বক্তৃতা এক একটি Thesis তুল্য। আমি একবার তাঁহার গীতা-সম্বন্ধে ভাষণ শ্রবণ করিয়া অত্যন্ত বিস্মিত হইয়াছিলাম।

আমাদের অত্যন্ত দুঃখের বিষয়—পরমারাধ্য প্রভুপাদ শীঘ্রই তাঁহার প্রকটলীলা সম্বরণেচ্ছায় বিগত ১৯৩৬ সালের শেষভাগে অপ্রকটলীলাবিষ্কারের পূর্ব্বদিবস তৎপ্রিয়তম শ্রীপাদ শ্রীধরমহারাজের প্রতি বিশেষ অনুগ্রহ-প্রকাশেচ্ছায় তাঁহার অতিপ্রিয় শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় রচিত "শ্রীরূপ-মঞ্জরীপদ, সেই মোর সম্পদ, সেই মোর ভজন পূজন" ইত্যাদি গীতিটি শ্রীপাদ শ্রীধর মহারাজকে কীর্ত্তন করিতে বলিলেন। প্রভুপাদের অন্তর্গত উদ্দেশ্য না বুঝিয়া কোনভক্ত তথায় উপস্থিত কোন সুরতালজ্ঞ ব্যক্তিকে তাহা গান করিতে বলিলে প্রভুপাদ বিরক্ত হইয়া বলিলেন—আমি কি এখন সুরতাল—রাগ রাগিণী শুনিতে চাহিতেছি? শ্রীধরমহারাজই গান করুন। তাহাই হইল। মহারাজের গান শুনিয়া প্রভুপাদ অত্যন্ত আনন্দ প্রকাশ করিলেন। পরমারাধ্য প্রভুপাদের শ্রীমুখের বাণী—"ভক্তি-বিনোদ ধারা কখনও রুদ্ধ হ'বে না, আপনারা আরও অধিকতর উৎসাহের সহিত ভক্তিবিনোদ-মনোহভীষ্ট প্রচারে ব্রতী হ'বেন।" ঠাকুর ভক্তিবিনোদ 'রূপানুগবর' মহাজন। তাঁহার ধারা সংরক্ষণের জন্যই শ্রীল প্রভুপাদ শ্রীপাদ শ্রীধরমহারাজ প্রমুখ তাঁহার নিজজনগণকে তৎপর হইবার নিমিত্ত শ্রীরূপমঞ্জরীপদ' ইত্যাদি কীর্ত্তন শ্রবণেচ্ছা প্রকাশদ্বারা ইঙ্গিত করিয়া গেলেন। সুতরাং পূজ্যপাদ মহারাজ দীর্ঘজীবন লাভ করিয়া আমাদিগকে রূপানুগধারায় শ্রীভক্তিবিনোদমনোহভীষ্ট প্রচারে উৎসাহ প্রদান করুন, ইহাই শ্রীগুরুপাদপদ্মে আমরা অদ্যকার শুভদিনে সম্মিলিতকণ্ঠে করযোড়ে সকাতর প্রার্থনা জানাইতেছি।

আমাদের অত্যন্ত আনন্দের বিষয়—পূজ্যপাদ মহারাজের শ্রীমুখনিঃসৃত শুদ্ধভক্তিসিদ্ধান্ত-বাণীতে আকৃষ্ট হইয়া পাশ্চাত্ত্যদেশীয় বহু সারগ্রাহী সদ্ধর্ম্ম-শ্রবণ পিপাসু মহাত্মাগণ শ্রীধাম নবদ্বীপস্থ শ্রীচৈতন্য-

সারস্বত মঠে আসিয়া মহারাজের শ্রীমুখে প্রশ্নোত্তর মুখে ইংরাজী ভাষায় হরিকথা শ্রবণ করতঃ তাহা "Tape-record" করিয়া লইয়া পরে তাহা গ্রন্থাকারে লিপিবদ্ধ করিয়াছেন। এইরূপে কএকখানি মহামূল্য গ্রন্থ প্রকাশিত হইয়া পাশ্চাত্ত্যের বিদ্বৎসমাজে পূজ্যপাদ মহারাজের শ্রীমুখে শ্রুত পরমারাধ্য শ্রীল প্রভুপাদের শ্রীমুখনিঃসৃত শ্রীচৈতন্যবাণীর অসমোর্দ্ধ, মাধুর্য্য-বৈশিষ্ট্য সম্বন্ধে বহু গবেষণা চলিতেছে। শ্রীপাদ মহারাজের নিত্য নব-নবায়মান ভাব-বৈচিত্র্য সহ হরিকথা কীর্ত্তন সত্যই অতীব হৃৎকর্ণরসায়ন। শ্রদ্ধালু শুশ্রূষু মাত্রেই তাঁহার কথামৃতপরিবেশন-ভঙ্গীকে সর্ব্বতোভাবে সমাদর করিয়া থাকেন। গুণগ্রাহী ভাগ্যবান্ ভক্ত মাত্রই তাঁহার গুণগ্রামে মুগ্ধ না হইয়াই পারেন না।

তাঁহার সংস্কৃত ভাষায় রচিত কএকটি স্তোত্র পাঠ করিয়া স্বয়ং শ্রীল প্রভুপাদই তাঁহার প্রকট-কালে প্রচুর আনন্দ প্রকাশ করিয়া তাঁহাকে প্রচুর আশীর্ব্বাণী বর্ষণ করিয়া গিয়াছেন। শ্রীগুরুপাদপদ্মে তাঁহার যে কি অপূর্ব্ব অনুরাগময়ী ভক্তি বিরাজিত, তাহা তাঁহার একটি "সুজনার্ব্বুদরাধিতপাদযুগং" স্তোত্রেই সুষ্ঠুরূপে পরিস্ফুট। আমাদের প্রায় সকল মঠেই মহারাজের ঐ শ্রীশ্রীল প্রভুপাদপদ্ম-স্তবকটি কীর্ত্তিত হইয়া থাকেন। এতদ্ব্যতীত তাঁহার রচিত 'শ্রীদয়িতদাস-প্রণতিপঞ্চকম্', 'শ্রীদয়িত-দাস-দশকম্', 'শ্রীমদ্ভক্তিবিনোদবিরহদশকম্', 'শ্রীমদ্‌গৌরকিশোরনমস্কারদশকম্', শ্রীমদ্রূপপদরজঃ প্রার্থনাদশকম্', শ্রীশ্রীমন্নিত্যানন্দদ্বাদশকম্', 'শ্রীশ্রীল প্রভুপাদপ্রণতি', শ্রীল গদাধরপ্রার্থনা', 'ঋক্ তাৎপর্য্যম্', 'শ্রীগায়ত্রী নির্গলিতার্থম্', শ্রীপ্রেমধামদেবস্তোত্রম্', 'শ্রীগৌর-সুন্দরস্তুতি-সূত্রম্' প্রভৃতি স্তোত্র আমাদের নিত্যলীলাপ্রবিষ্ট ভজনানন্দী সতীর্থপ্রবর শ্রীপাদ কৃষ্ণদাস বাবাজী মহারাজ এবং নিত্যলীলাপ্রবিষ্ট ত্রিদণ্ডী গোস্বামী শ্রীশ্রীভক্তিবিচার যাযাবর মহারাজ অত্যন্ত প্রীতির সহিত কীর্ত্তন ও আস্বাদন করিতেন।

প্রপূজ্যচরণ শ্রীশ্রীল শ্রীধর দেব গোস্বামী মহারাজের সম্পাদকতায় শ্রীশ্রীল রূপগোস্বামিপাদের সমগ্র "ভক্তিরসামৃতসিন্ধু" গ্রন্থখানি শ্লোক, টীকা, অন্বয় ও বঙ্গানুবাদসহ প্রকাশিত হইতেছে। এতদ্ব্যতীত শ্রীপ্রপন্নজীবনামৃতম্' (পূজ্যপাদ মহারাজের স্বরচিত সংস্কৃত শ্লোক ও বঙ্গানুবাদ), শ্রীমদ্ভগবদ্গীতা (শ্লোক, অন্বয় ও বঙ্গানুবাদ সহ) প্রভৃতি কএকখানি গ্রন্থ বঙ্গাক্ষরে এবং ইংরাজীভাষায় নিম্নলিখিত গ্রন্থসমূহ প্রকাশিত হইয়াছে—

1. Ambrosia in The Lives of The Surrendered Souls. 2. The Search for Sri Krishna Reality The Beautiful (Eng. & Spanish). 3. Sri Guru & His Grace (Eng. & Spanish). 4. The Golden Volcano of Divine Love (Eng. & Spanish). 5. Sri Srimad Bhagavad Gita. The Hidden Treasure of Sweet Absolute. 6. Sri Sri Prapanna Jivanamritam (Life Nectar of The Surrenderd Souls). 7. Loving Search For The Lost Servant. 8. Relative-Worlds. 9. Sri Sri Prema Dhama Deva Stotram (Beng. Eng. Hindi. Spanish. Dutch & French). 10. Reality By Itself & For Itself. 11. Levels of God Realization The Krishna Conception. 12. Evidencia. 13. Sri Gaudiya Darsan. 14. The Bhagavata. 15. Sadhu-Sangha (Monthly). 16. La Busqueda De Sri Krishna. 17. The Search. 18. The Divine Message. 19. Haridas Thakur, 20. The Guardain of Devotion. 21. Lives of The Saints. 22. Subjective Evolution. 23. Ocean of Nectar. পাশ্চাত্ত্যদেশে বিদ্বৎসমাজে ঐ গ্রন্থগুলি বিশেষভাবে সমাদৃত হইতেছে।

আমাদের আরও আনন্দের বিষয় যে, পাশ্চাত্ত্যদেশের বহু-সত্যানুসন্ধিৎসু সজ্জন পূজ্যপাদ মহারাজের শ্রীমুখে ভগবৎকথা শ্রবণে আকৃষ্ট হইয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছেন এবং তাঁহার আনুগত্যে বিপুল উদ্যমে ভজন সাধনে ব্রতী হইয়াছেন। তাঁহাদের উৎসাহে পাশ্চাত্ত্যের বহু স্থানে প্রচার-কেন্দ্র স্বরূপ মঠ-মন্দিরও সংস্থাপিত হইয়াছে।

পূজ্যপাদ মহারাজ অতিবৃদ্ধ হইলেও প্রায়শঃ শায়িত বা অর্দ্ধ শায়িত অবস্থায় একস্থানে থাকিয়াই দিগ্‌দিগন্তে শ্রীচৈতন্যবাণী প্রচার করিয়া মহাপ্রভুর শ্রীমুখ-নিঃসৃত—

"পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥"

— বাণীর সার্থকতা সম্পাদন করিতেছেন।

পরমদয়াল গৌরসুন্দর তাঁহার নিজজনকে দীর্ঘজীবন প্রদান করিয়া তদ্দ্বারা তাঁহার বাণী, জগতে আরও অধিককাল ব্যাপকভাবে প্রচার করান, ইহাই আজ আমরা সকলে সর্ব্বান্তঃকরণে সমবেতকণ্ঠে তচ্চরণে প্রার্থনা জানাইতেছি।

জয় শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গসুন্দর শ্রীরাধা-গোবিন্দ সুন্দর জী কী জয়।

জয় সপার্ষদে—সপরিকর পরম পূজ্যপাদ শ্রীশ্রীল শ্রীধর দেব গোস্বামী মহারাজ কী জয়।

জয় শ্রীশ্রীনবদ্বীপধাম কী জয়। শ্রীচৈতন্য-সারস্বত মঠ কী জয়॥

—(*)—



His Divine Grace
SRILA BHAKTI RAKSHAK SRIDHAR DEV
GOSWAMI MAHARAJ

শ্রীশ্রীগুরু গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগুরু-তত্ত্ব

ত্রিদণ্ডিদেবগোস্বামী শ্রীকৃষ্ণচৈতন্য-মঠাচার্য্য পূজ্যপাদ শ্রীমদ্ভক্তি কমল মধুসূদন মহারাজ

"একমেবাদ্বিতীয়ম্" এই বেদান্ত বাক্যে একটী মাত্র তত্ত্বই স্বীকৃত হইয়াছেন। অদ্বয়জ্ঞান-তত্ত্ব ব্রজেন্দ্রনন্দনই সেই পরাৎপর তত্ত্ব। একাধিক স্বতন্ত্র বেদানুগ শাস্ত্র সুষ্ঠুভাবে আলোচিত হইলে এই সিদ্ধান্তই নির্ণীত হয় যে সেই অদ্বয়জ্ঞান-তত্ত্ব বস্তু অচিন্ত্য-শক্তিসম্পন্ন বলিয়া অনন্ত চিদ্বিলাসপরায়ণ। তিনি অনন্তরূপে বিলাসপরায়ণ হইলেও তাঁহার অদ্বয়ত্বের হানি হয় না। বিষয় এবং আশ্রয়ের সম্মিলনেই চিদ্‌বিলাস সম্পাদিত হয়। বিষয়-জাতীয় বস্তু স্বয়ং সম্পূর্ণ হইলেও চিদ্‌বিলাসের চমৎকারিতা প্রকাশের জন্য আশ্রয়ের অপেক্ষা আছে। বিষয় কৃষ্ণ এবং আশ্রয় রাধারাণী—উভয়েই পূর্ণ বস্তু। বিষয়ের সুখোৎপাদনের জন্য আশ্রয়-জাতীয় রাধারাণী অনন্ত-রূপে কায়ব্যূহ প্রকাশ করতঃ লীলার সহায়তা করিয়া থাকেন। শ্রীগুরু-তত্ত্ব একটী স্বয়ং স্বতন্ত্র তত্ত্ব নহেন, পরন্তু অদ্বয়জ্ঞানতত্ত্বের সহিত সমাশ্লিষ্ট পূর্ণ তত্ত্ব (Divine Counter-whole). বিষয়-জাতীয় তত্ত্ব যেপ্রকার বিভিন্ন সময়ে বিভিন্নরূপে অবতীর্ণ হইয়া অধর্ম্ম নাশ ও ধর্ম্ম সংস্থাপন কার্য্য করতঃ জগতের নিত্য কল্যাণ বিধান করেন; আশ্রয়-জাতীয় তত্ত্বও তদ্রূপ বিভিন্ন সময়ে অবতীর্ণ হইয়া জীবোদ্ধার কার্য্য করিয়া থাকেন।

স্বয়ং ভগবান আশ্রয়ের ভাবে বিভাবিত শ্রীগৌরসুন্দর জগতে অবতীর্ণ হইয়া চিল্লীলামিথুন শ্রীরাধা-গোবিন্দের অপ্রাকৃত রসের পরাকাষ্ঠার কথা জানাইয়া গিয়াছেন। বিপ্রলম্ভরসবিগ্রহ শ্রীগৌরসুন্দর স্বয়ং সেই রস আস্বাদন করতঃ তাঁহার অন্তরঙ্গ ভক্তগণকে শিক্ষা দিয়া গিয়াছেন। আশ্রয়ের ভাব-কান্তিসম্বলিত গৌরহরি জগদ্‌গুরুরূপে নিজে আচরণ করতঃ জগৎকে শিক্ষা দিয়াছেন।

তাঁহার চরিত্রে গুরুত্বের পরাকাষ্ঠা প্রকাশ পাইয়াছে। বেদ এবং বেদানুগ শাস্ত্রের অতি সুগূঢ় রহস্য যাহা ইতঃপূর্ব্বে কখনও প্রকাশিত হয় নাই, তাহাই শ্রীগৌরহরির চরিত্রে প্রকাশিত হইয়াছে। বায়ুপুরাণোক্ত—

"আচিনোতি যঃ শাস্ত্রার্থমাচারে স্থাপয়ত্যপি।
স্বয়মাচরতে যস্মাদাচার্য্য স্তেন কীর্ত্তিতঃ॥"

—বাক্যের মূর্ত্ত-বিগ্রহ শ্রীগৌরহরির জীবনের প্রতিটী কার্য্যই জীব-শিক্ষার জন্য। তিনি স্বয়ং ভগবান হইয়াও শ্রীঈশ্বর পুরিপাদের নিকট দীক্ষা গ্রহণের লীলাভিনয় করতঃ জগৎকে শিক্ষা দিয়াছেন যে সদ্‌গুরুর শ্রীচরণাশ্রয় ব্যতীত জীবের পক্ষে কৃষ্ণভক্তি দূরে থাকুক ভবসিন্ধু উত্তীর্ণ হওয়াও সম্ভব হয় না। ভগবৎশক্তিসমন্বিত আচার্য্যবর্গ গুরু-পরম্পরায় জগতে অবতীর্ণ হইয়া জীবোদ্ধার-কার্য্য সম্পাদন করিয়া থাকেন। শ্রীগৌরসুন্দর হইতে ভাগবত-পারম্পর্য্যে যে-সমস্ত গুরুবর্গ জগতে অবতীর্ণ হইয়া তাঁহার মনোঽভীষ্ট পরিপূরণ-রূপ রূপ-রঘুনাথের বাণীআচার-প্রচার করিয়াছেন তাঁহাদের অন্যতম দশম অধস্তনবর শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর। শ্রীল সরস্বতী ঠাকুরের আচার্য্য-লীলায় যে প্রকার ব্যাপকভাবে শ্রীরূপ-রঘুনাথের বাণী প্রচার হইয়াছে তাহা পূর্ব্ব আচার্য্য-বর্গের চরিত্রে দেখা যায় না। সরস্বতী ঠাকুর বিপুল উদ্যমের সহিত সমগ্র বিশ্বে রূপ-রঘুনাথের বাণী কীর্ত্তনের যে অভিনব পন্থাসমূহ আবিষ্কার করিয়াছিলেন তাহা সুধী সমাজ পরম আদরের সহিত গ্রহণ করিয়া কৃতার্থ হইয়াছেন। তিনি তদাশ্রিত যে-সমস্ত ত্রিদণ্ডিপাদগণের দ্বারা সমস্ত জগতে শ্রীগৌরবাণী প্রচার করিয়াছেন শ্রীগৌর-সারস্বত-ধারায় প্রপূজ্যচরণ শ্রীশ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর দেব গোস্বামী মহারাজ তাহার অন্যতম। তিনি গুরু-গত-প্রাণ— তাঁহার লেখনী এবং বক্তৃতার মধ্যে শ্রীল সরস্বতী ঠাকুরের ভাব-ধারার সুষ্ঠু সন্ধান পাওয়া যায়। শ্রীল প্রভুপাদের চিন্তা-স্রোতের অনুকূলেই শ্রীল শ্রীধর মহারাজ সমস্ত বিষয় কীর্ত্তন করিয়া থাকেন। শ্রীগুরু-পাদপদ্মের মনোঽভীষ্ট পরিপূরণের জন্যই শ্রীল শ্রীধর মহারাজ জীবন উৎসর্গ করিয়াছেন। শরণাগত স্নিগ্ধ শিষ্যের হৃদয়ে শ্রীগুরুদেব আত্ম-প্রকাশ করিয়া থাকেন। তিনি গুরুদেবতাত্ম হইয়া যে সমস্ত শাস্ত্র ব্যাখ্যা করিয়াছেন বা যে সমস্ত স্তব-স্তুতি-প্রবন্ধ-নিবন্ধাদি লিখিয়াছেন তাহার মধ্যে শ্রীল প্রভুপাদের মনোভাব সম্যক্‌রূপে অভিব্যক্ত হইয়াছে। সারস্বতগণ সবলেই শ্রীল শ্রীধর মহারাজের লেখনীর

প্রশংসা এবং আদর করিয়া থাকেন। তিনি শ্রীল সরস্বতী ঠাকুরের বিঘসাশীরূপে আত্ম-বিক্রয় করতঃ তদীয় যথাসর্ব্বস্ব রূপ-রঘুনাথের বাণীর পিয়নরূপে উচ্চ-শিক্ষিত সমাজে প্রচার কার্য্য করিয়া ঠাকুরের মনোঽভীষ্ট পরিপূরণ করিয়াছেন ও করিতেছেন। শ্রীল সরস্বতী ঠাকুরের অপ্রকটের কিছু পূর্ব্বে তদীয় কক্ষের মধ্যে উপবিষ্ট মঠের বিশিষ্ট কয়েকজন বৈষ্ণবের সম্মুখে ঠাকুর মহাশয় শ্রীধর মহারাজকে শ্রীল নরোত্তম ঠাকুরের "শ্রীরূপ-মঞ্জুরীপদ, সেই মোর সম্পদ" গীতিটি কীর্ত্তন করিতে আদেশ করিলেন। শ্রীধর মহারাজ কীর্ত্তনে বিশেষ অভিজ্ঞ নহেন বলিয়া সংকোচ করায় জনৈক কর্ত্তৃস্থানীয় বৈষ্ণব অন্য জনৈক বৈষ্ণবকে উহা কীর্ত্তন করিতে আদেশ করাতে শ্রীল প্রভুপাদ বলিলেন—আমি সুর-তাল-মান-লয় শ্রবণ করিতে চাই না। শ্রীল প্রভুপাদের অভিপ্রায় বুঝিয়া শ্রীল শ্রীধর মহারাজই উহা কীর্ত্তন করিলেন। এই প্রকার লীলাভিনয়ের দ্বারা শ্রীল প্রভুপাদ সুস্পষ্ট ইঙ্গিত করিয়া গিয়াছেন যে তাঁহার অবর্ত্তমানে শ্রীধর মহারাজ রূপানুগ ধারার বৈশিষ্ট্য রক্ষা করিতে পারিবেন এবং তাঁহার সন্ন্যাস নামেও ঐ প্রকার ইঙ্গিত রহিয়াছে। আমি তাঁহার সতীর্থ হইলেও তিনি আমার সন্ন্যাস-গুরু। আমি শ্রীল প্রভুপাদের পদাশ্রিত হইবার পর হইতেই, আমি তাঁহার মুখে হরিকথা শ্রবণের সুযোগ পাইয়াছিলাম। আমি বহুপ্রকারে তাঁহার দ্বারা উপকৃত হইয়াছি। তাঁহার অকৃত্রিম স্নেহ আমি জীবনে কখনও ভুলিতে পারিব না। আমার বিদ্যা-বুদ্ধির অভাব হেতু রূপ-রঘুনাথের বাণীর সুসূক্ষ্ম বিচার ধারণা করিতে অক্ষম, কিন্তু শ্রীল শ্রীধর মহারাজের মুখে হরিকথা শ্রবণ করিলে আমার সন্দেহ নিরসন হয়। আমি আজ তাঁহার এই শুভ আবির্ভাব বাসরে শ্রীল প্রভুপাদ এবং শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপদ্মে কায়-মনো-বাক্যে প্রার্থনা জানাইতেছি, যাহাতে তিনি আরও কিছু কাল সুস্থ শরীরে জগতে প্রকট থাকিয়া জগজ্জীবের নিত্য কল্যাণ বিধান করেন।

—(*)—

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রপূজ্যচরণ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেব গোস্বামী মহারাজের ত্রিনবতিতম শুভ আবির্ভাববাসরে

দীনের প্রণতিকুসুমাঞ্জলি

ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিদর্শন আচার্য্য মহারাজ

(শ্রীবঙ্কিমচন্দ্র পণ্ডা কাব্য, তর্ক, তর্ক, বেদান্ত, ভক্তি তীর্থ)

মূকং করোতি বাচালং পঙ্গুংলঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্॥
বাঞ্ছা কল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

আজ শ্রীরাধাকৃষ্ণমিলিততনু শ্রীগৌরসুন্দরপ্রবর্ত্তিত সদ্ধর্ম্মাচারক প্রচারকপ্রবর ভাগবত পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তি-রক্ষক শ্রীধরদেবগোস্বামী মহারাজের জগন্মঙ্গল আবির্ভাবিতিথিতে এই দীন অজ্ঞ তাঁহার অপ্রাকৃত শ্রীচরণকমলে সংখ্যাতীত প্রণতি নিবেদন করিতেছে। সচ্চিদানন্দবিগ্রহ স্বয়ংভগবান শ্রীকৃষ্ণের জন্মদিন যেরূপ পবিত্র ও বন্দনীয়, তাঁহার প্রিয়জনের জন্মদিনও সেইরূপ পবিত্র এবং বন্দনীয়। সর্ব্বসজ্জনবরেণ্য পুরাণকাননসঞ্চার-পঞ্চানন শ্রীল শ্রীধরস্বামিপাদের অনুবর্ত্তনে আমি এই প্রণাম মন্ত্র উচ্চারণ করিতেছি। তাহার অর্থ— যাঁহার কৃপা মূককে বাচাল করে, পঙ্গুকে পর্ব্বতলঙ্ঘন করায়, সেই, পরমানন্দমাধবকে আমি বন্দনা করি। পরমানন্দ শ্রীস্বামিপাদের শ্রীগুরুদেব, মাধব তাঁহার উপাস্য ভগবান শ্রীনৃসিংহ, তাঁহার সহিত অভিন্ন রূপে বন্দনা করিয়াছেন। 'মূক' যাহার কথা বলার শক্তি নাই, 'পঙ্গু' যাহার চলিবার শক্তি নাই, যেমন যাহার হাত পা নাই সে গ্রহণ করে এবং চলে (অপাণিপাদো জবনো গ্রহীতা) এই শ্বেতাশ্বতর মন্ত্রের ন্যায়। এখানে যেমন ভগবানের হস্তপদ অপ্রাকৃত অর্থাৎ—আমাদের হস্তপদের ন্যায় প্রাকৃত জড় নহে, যেমন—"সাহিত্যরহিতঃ পঙ্গুমূর্খস্তর্কবিবর্জিতঃ"

যাহার সাহিত্যজ্ঞান নাই তাহাকে পঙ্গু এবং যাহার তর্কশাস্ত্রে জ্ঞান নাই তাহাকে মূক বুঝিতে হইবে। কেননা, মুখ্য অর্থের বাধ হইলে গৌণ অর্থ গ্রহণ করিতে হয়। যেমন এই জড় জগতের পিতামাতা, যে শিশু কাহাকে বাবা বলে বা মা বলে ইত্যাদি জানে না, তাহাকে 'এই তোমার বাবা এই তোমার মা' ইত্যাদি-রূপ সম্বন্ধজ্ঞান শিক্ষা দেন, সেইরূপ অপ্রাকৃতপিতা শ্রীগুরুদেব অপ্রাকৃতজগতের জ্ঞানহীন শিশু মায়াবদ্ধ জীবকে 'ভগবান্ তোমার নিত্যসেব্য' ইত্যাদিরূপ অপ্রাকৃত সম্বন্ধজ্ঞান শিক্ষা দিয়া থাকেন, যাহার অপর নাম 'দীক্ষা'। "দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ম্। তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্ব-কোবিদৈঃ॥ যেহেতু দিব্যজ্ঞান দান করে, এবং পাপের—প্রাকৃত সম্বন্ধজ্ঞানের সম্যক্ ক্ষয় করে, অতএব তত্ত্বজ্ঞ আচার্য্যগণ, তাহাকে "দীক্ষা" বলিয়া থাকেন। অদ্বয়জ্ঞান ভগবানের নিকটে যাওয়ার গোপনতম পথ একটি, এছাড়া অন্য কোন পথ নেই। পথ হল ভক্তি।

"জ্ঞানং পরমগুহ্যং মে যদ্বিজ্ঞানসমন্বিতম্।
সরহস্যং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া" (ভাঃ ২।৯।৩০)

ভগবান্ ব্রহ্মাকে বলিলেন—পরমগোপ্য অনুভবসহিত আমার জ্ঞান এবং রহস্য (গোপনীয়) প্রেমভক্তি সহিততাহার অঙ্গ সাধনভক্তি আমি বলিতেছি, গ্রহণ কর। সেই পথে কি করে যেতে হয়, তিনি নিজে গমন করে হাতে ধরে নিয়ে যান অর্থাৎ নিজে আচরণ করে অন্যকে আচারে স্থাপন করেন। এইজন্য শ্রীগুরু-দেবকে আচার্য্য বলা হয়।

'আচিনোতি চ শাস্ত্রার্থমাচারে স্থাপয়ত্যপি।
স্বয়মাচরতে তস্মাৎ স আচার্য্য ইতি স্মৃতঃ॥"

তিনি কেবল এই বাগ-ইন্দ্রিয় ও চলন-ইন্দ্রিয়কে বলিবার ও চলিবার যোগ্যতা দান করেন তাহা নহে। কর্ম্মেন্দ্রিয় বাক্ পাণি, পাদ, পায়ু উপস্থ, জ্ঞানেন্দ্রিয় চক্ষু কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক এবং অন্তরিন্দ্রিয় মনপ্রভৃতি সকল ইন্দ্রিয়ের যোগ্যতা দান করিয়া থাকেন। যদ্দ্বারা আমরা সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন (হৃষীকেণ হৃষীকেশসেবনম্) করিতে পারি, সেই শিক্ষাও দিয়া থাকেন। ইহাকে সাধন-ভক্তি বা বৈধীভক্তি বলে। এই ভক্তির অনুশীলনে ভাগবতপঞ্চরাত্রপ্রভৃতি ভক্তিশাস্ত্রের বিধিনিষেধ-পালন করিতে হয়। যতদিন ভাবভক্তির উন্মেষ না হয় ততদিন ভক্তিবিরুদ্ধ স্মার্ত্তকর্ম্ম এবং নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানরূপ জ্ঞান পরিত্যাগ করিতে হয়। সাধনভক্তির উন্নতিক্রমে রাগভক্তিতে অধিকার হয়।

তাহাতে শাস্ত্র ও যুক্তির অপেক্ষা নাই। যেমন চক্ষুকে বলিতে হয় না যে তুমি সুন্দররূপ দর্শন কর। সেইরূপ তাহাতে ভক্তের লোভোৎপত্তি কারণ।

"কৃষ্ণভক্তিরসভাবিতামতিঃ ক্রীয়তাং যদি কুতোঽপি লভ্যতে।
তত্র লোল্যমপি মূল্যমেকলং জন্মকোটিসুকৃতৈর্ন লভ্যতে॥"

আমাদের এই যে অপ্রাকৃতভগবৎতত্ত্বের জ্ঞানাভাব বা বিস্মৃতি অর্থাৎ বৈমুখ্য অনাদি, তদ্বিপরীত ভগবৎতত্ত্বের স্মৃতি বা সামুখ্য তাহার প্রাথমিক কারণ ভগবৎ কৃপা। কেননা ভগবানের স্বরূপশক্তির কৃপায় তাহার স্মৃতি ও জ্ঞান এবং বিরূপশক্তি মায়ার নিগ্রহে তাহার বিলোপ হইয়া থাকে।

'মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনঞ্চ॥ (গীতা ১৫।১৫)'

তিনি সকল কারণের কারণ বলিয়া গৌণ ভাবে তাঁহাকে কারণ বলিলেও মুখ্য কারণ বলা যায় না। কেননা, ভগবৎবিমুখ জীব সকল আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক দুরন্ত অনন্ততাপে নিরন্তর পীড়িত হইতেছে, তাহাদের প্রতি স্বতন্ত্রভাবে ভগবৎকৃপা প্রবৃত্ত হয় না। কেননা পরের দুঃখ নিজের হৃদয়কে স্পর্শ করিলে কৃপারূপ চিত্তবিকার উৎপন্ন হইয়া থাকে। ভগবান সর্ব্বদা পরমানন্দময় পাপ পুণ্যের অতীত, দুঃখ তমোগুণময়, সূর্য্যে যেরূপ অন্ধকারের যোগ হয় না সেইরূপ ভগবানের চিত্তে দুঃখের উৎপত্তি অসম্ভব। অতএব সর্ব্বদা বিরাজমান, করিতে না করিতে ও অন্যথা করিতে সমর্থ, ঈশ্বর হইতে বিমুখ জীবগণের সংসারদুঃখের শান্তি হয় না। অতএব সাধুগণের কৃপাই একমাত্র সম্বল। সাধুগণ সিদ্ধাবস্থায় দুঃখের দ্বারা স্পৃষ্ট না হইলেও জীব যেমন স্বপ্নাবস্থায় যে দুঃখ অনুভব করিয়াছে, জাগ্রত অবস্থায় সেই দুঃখ না থাকিলেও তাহা স্মরণ করে, সেইরূপ সাধুগণ কখনও অতীত দুঃখের স্মরণও করিয়া থাকেন। অতএব সাংসারিক লোকের প্রতি তাঁহাদের কৃপা হইয়া থাকে। যেমন শ্রীনারদের কুবেরপুত্র নলকুবর ও মণিগ্রীবের প্রতি, অথবা ভরতের রহুগণ রাজার প্রতি অথবা প্রহ্লাদ মহারাজের তৎকর্ত্তৃক দৃষ্ট ভগবৎ বিমুখ জনগণের প্রতি কৃপা হইয়াছিল। অতএব সাংসারিক দুঃখ ভগবৎ কৃপার কারণ হইতে পারে না।

কিন্তু পরমেশ্বরের কৃপা 'এই দুঃখে তিনিই আমার শরণ অর্থাৎ রক্ষাকর্ত্তা' এই প্রকার দৈন্যাত্মিকা ভক্তি-সম্বন্ধেই হইয়া থাকে। যেমন গজেন্দ্রপ্রভৃতির প্রতি, [গজেন্দ্র পূর্ব্বে ভক্ত ইন্দ্রদ্যুম্ন রাজা ছিলেন অগস্ত্যের শাপে হস্তী হইয়া জন্ম গ্রহণ করেন, তিনি কুম্ভীরকর্ত্তৃক আক্রান্ত হইয়া পূর্ব্বজন্মে শিক্ষিত ভগবানের স্তুতি করায় ভগবান তাহাকে কৃপা করিয়া মুক্ত করিয়াছিলেন]

'জজাপ পরমং জাপ্যং প্রাগ্‌জন্মন্যনুশিক্ষিতম্'। ভাঃ ৮।৯।১

সর্ব্বপ্রকারে ভক্তের ভক্ত্যনুভবই ভগবৎ কৃপার কারণ, প্রাকৃত দুঃখ কারণ নহে। কেন না, যোগ্য কারণ সত্ত্বে অযোগ্য কারণ কল্পনা উচিত হয় না। দুঃখের সম্ভাব ভগবৎ কৃপার কারণ হইলে সংসারের উচ্ছেদ প্রসঙ্গ হয়। ভক্তি—ভক্তকোটিপ্রবিষ্ট ভক্তচিত্তের আর্দ্রীভাবকারিণী ভগবানের শক্তিবিশেষ এবং দৈন্য সম্বন্ধে সেই ভক্তি অধিক উচ্ছলিতা হইয়া থাকেন। এই জন্য সেই ভক্তের প্রতি ভগবৎ কৃপার আধিক্য দেখা যায়। অতএব যে কৃপা ভক্তগণে বর্ত্তমান, তাহা ভক্তসঙ্গবাহনা অথবা ভক্তকৃপাবাহনা হইয়া অন্য জীবে সংক্রমিত হইয়া থাকেন, স্বতন্ত্রা নহে, এই সিদ্ধান্ত! সেইরূপই ব্রহ্মা শিব নারদাদি ঋষি এবং দেবগণ দেবকী গর্ভস্থ কৃষ্ণকে স্তুতি করিতেছেন—

"স্বয়ং সমুত্তার্য্য সুদুস্তরং দ্যুমন্ ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ (ভাঃ ১০।২।৩১)।

হে স্বপ্রকাশ! আপনার প্রতি অধিক প্রীতিযুক্ত ভক্তগণ আপনার পাদপদ্মরূপ নৌকা অর্থাৎ সংসার-সমুদ্রপারের উপায় ভক্তিদ্বারা নিজে এই ভয়ানক সমুদ্র পার হইয়া এই সংসারসমুদ্র পারে নৌকা রাখিয়া অর্থাৎ পর পরবর্ত্তী জনের নিকটে ভক্তি প্রকাশ করিয়া (ভক্তি সম্প্রদায় প্রবর্ত্তন করিয়া) পরপারে চলিয়া গিয়াছেন। ভগবান নিজে বিমুখ জনগণের নিকটে কেন সেই ভক্তি প্রকাশ করেন না? কেন বা ভক্তকে অপেক্ষা করেন? তাহাতে বলিতেছেন—আপনি 'সদনুগ্রহ' অর্থাৎ সাধুগণ দ্বারাই অন্য জনগণকে অনুগ্রহ করিয়া থাকেন, অথবা সাধুগণই আপনার অনুগ্রহ অর্থাৎ আপনার যে অনুগ্রহ সাংসারিক জনগণের নিকটে বিচরণ করিতেছে, তাহা সাধুর আকারেই বিচরণ করিতেছে, অন্যরূপে নহে। 'সাধুগণের প্রতি যাঁহার অনুগ্রহ' সেই আপনি 'সদনুগ্রহ' এইপ্রকার ব্যাখ্যানেও ভগবদ্বিমুখ অসাধুজনগণের প্রতি আপনার অনুগ্রহ নাই, এই অর্থ পাওয়া যায়, অতএব সাধু দ্বারাই সেই ভক্তির প্রকাশন উচিত।

সৎসঙ্গের প্রতি হেতু তাঁহাদের স্বৈরচারিতাই স্বেচ্ছা। যেমন শ্রীনারদ শ্রীবসুদেবকে বলিয়াছেন—

"ত একদা নিমেঃ সত্রমুপাজগ্মুর্যদৃচ্ছয়া॥" (ভাঃ ১১।২।২৪)

এক সময়ে নয় জন যোগেশ্বর 'যদৃচ্ছায়ণ' নিজ ইচ্ছায় অর্থাৎ অন্য কোন কারণ দ্বারা প্রেরিত হইয়া নহে, নিমিরাজার যজ্ঞে উপস্থিত হইলেন। সকলে পরমেশ্বর প্রেরিত হইয়াই কার্য্য করিয়া থাকেন, কিন্তু পরমেশ্বর ভক্তগণের ইচ্ছানুসারেই ভক্তগণকে প্রেরণ করিয়া থাকেন, ব্রহ্মা বলিয়াছেন 'স্বেচ্ছাময়স্য' (ভাঃ ১০।১৪।২)

আপনার এই শরীর প্রেমবান স্বীয় ভক্তগণের যে যে ইচ্ছা, তাহার সম্পাদক, এবং 'অহং ভক্ত পরাধীনঃ' (৯।৪ ৩৩) ভগবান দুর্বাসাকে বলিতেছেন—'আমি ভক্তপরাধীন'। "তস্যৈকদা তু ভবনমঙ্গিরা ভগবানৃষিঃ। লোকাননুচরন্নেতানুপাগচ্ছদ্ যদৃচ্ছয়া" ॥ (ভাঃ ৬।১৪।১৪) ॥ শ্রীশুকদেব শ্রীপরীক্ষিৎ মহারাজকে বলিলেন—এক সময়ে ভগবান অঙ্গিরা ঋষি এই লোক সকল ভ্রমণ করিতে করিতে যদৃচ্ছায় অর্থাৎ নিজ ইচ্ছায় চিত্রকেতুর গৃহে উপস্থিত হইলেন। এখানেও ঋষির আগমন সময়েই চিত্রকেতুর ভগবৎ সাম্মুখ্য বা ভক্তি জাত হইয়াছিল, কিন্তু অন্য সময়ে অভিব্যক্ত হইয়াছিল। অতএব তাঁহার পুত্রশোকে বিলাপ সময়ে শ্রীমান অঙ্গিরাই বলিয়াছেন "ব্রহ্মণ্যো ভগবদ্ভক্তো নাবসাদিতুমর্হতি" (ভাঃ ৬।১৫।১৯) ব্রাহ্মণের হিতকারী ভগবদ্ভক্ত আপনার অবসাদ (দুঃখ) উচিত হয় না। সাধুগণের কৃপা জীবের দুরবস্থা দর্শন মাত্রে উৎপন্ন হইয়া থাকে, নিজের উপাসনাদি অপেক্ষা করে না। যেমন—শ্রীনারদের নলকুবর ও মণিগ্রীবের প্রতি কৃপা তাহাদের দুরবস্থা দেখিয়াই হইয়াছিল, উপাসনাকে অপেক্ষা করে নাই ।

যিনি আমাদের শাস্ত্রবিশ্বাসরূপ শ্রদ্ধা উৎপাদন করিয়া শাস্ত্রশিক্ষা ও ভজনশিক্ষা দানরূপ অনুগ্রহ করেন, তাঁহাকে শিক্ষাগুরু বলে এবং যিনি মন্ত্রদানরূপ অনুগ্রহ করেন, তাঁহাকে দীক্ষাগুরু বলে। তস্মাদ্ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমম্। শব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্ ॥" তত্র ভাগবতান্ ধর্মান্ শিক্ষেদ্ গুর্বাত্ম দৈবতঃ। অমায়য়ানুবৃত্ত্যা যৈস্তুষ্যেদাত্মাত্মদো হরিঃ" (ভাঃ ১১।৩।২১-২২)। যিনি শব্দব্রহ্ম অর্থাৎ বেদের তাৎপর্য্য-বিচারে এবং পরব্রহ্ম অর্থাৎ ভগবানের অপরোক্ষানুভবে নিষ্ঠা প্রাপ্ত, উত্তম শ্রেয়ঃ জিজ্ঞাসু তাঁহার শরণাপন্ন হইবে। গুর্বাত্মদৈবত অর্থাৎ গুরু যাঁহার 'আত্মা' জীবন এবং 'দৈবত' অর্থাৎ ইষ্টদেবরূপে অভিমত, এইরূপ হইয়া তাঁহার নিকট ভাগবত ধর্ম অর্থাৎ ভক্তিশিক্ষা করিবে। 'অমায়ায়' নিষ্কপটে, যাঁহার 'অনুবৃত্তি' সেবা দ্বারা পরমাত্মা হরি তুষ্ট হন এবং নিজেকে দান করিয়া থাকেন। শব্দব্রহ্মে শাস্ত্র-তাৎপর্য্যে নিপুণ না হইলে শিষ্যের সংশয় ছেদন করিতে পারেন না এবং পরব্রহ্ম ভগবানের অনুভব না থাকিলে শিষ্যে জ্ঞান সঞ্চার করিতে পারেন না। যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে তিঁহো তাঁহার প্রকাশ (চরিতামৃত) যদিও গুরুদেব চৈতন্যের দাস অর্থাৎ শক্তি, তথাপি আমি তাঁহাকে 'চৈতন্যের' ভগবানের প্রকাশ বলিয়া জানি, "নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ। যোঽন্তর্বহির্তনুভৃতামশুভং বিধুন্বন্নাচার্য্যচৈত্যবপুষা স্বগতিং ব্যনক্তি" (ভাঃ ১১।২৯।৬) শ্রীউদ্ধব বলিতেছেন—হে ভগবন্! বিবেকিগণ ব্রহ্মার তুল্য আয়ুপ্রাপ্ত হইয়া ভজন করিলেও আপনার অঋণী হইতে পারিবে না। কেননা, আপনাকর্ত্তৃক

কৃত উপকার স্মরণ করিয়া তাঁহাদের আনন্দ বর্দ্ধিত হইতে থাকে। উপকারই বলিতেছেন—যে আপনি বাহিরে আচার্য্য অর্থাৎ মন্ত্রগুরু ও শিক্ষাগুরুর আকারে নিজ মন্ত্র ও ভগবানের উপদেশ দ্বারা অনুগ্রহ করিয়া এবং চৈত্য অর্থাৎ অন্তর্যামীর আকারে নিজপ্রাপক বুদ্ধিবৃত্তি প্রেরণ দ্বারা (দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে) নিজ ভজন করাইয়া 'স্বগতি' অর্থাৎ প্রেমবৎপার্ষদরূপা গতি প্রকাশ করিয়া থাকেন। কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে। গুরু অন্তর্য্যামিরূপে শিখান আপনে (চরিতামৃত)। যিনি সেব্য ভগবান তিনিই সেবক ভগবানের আকারে সেবাশিক্ষা দান করিয়া থাকেন। শ্রীল প্রভুপাদের ভাষায় কৃষ্ণ নিজে তাঁর পা চুলকোচ্ছেন। যিনি এ জগতে ব্যষ্টিভাবে অর্থাৎ পৃথক্ পৃথক্ ভক্তাবতাররূপে বর্ত্তমান, তিনিই যোগপীঠে 'সমষ্টিভাবে' (একক) নিজ বামপ্রদেশে সাক্ষাদবতাররূপে ও গুরুরূপে বর্ত্তমান। এইরূপে পীঠপূজায় শ্রীভগবানের বামে শ্রীগুরুপাদুকাপূজন সঙ্গত হয়। "পীঠপূজায়াং ভগবদ্বামে শ্রীগুরুপাদুকাপূজনমেবং সংগচ্ছতে—যশ্চাত্র ব্যষ্টিরূপতয়া ভক্তাবতারত্বেন শ্রীগুরুরূপো বর্ত্ততে, স এব তত্র সমষ্টিরূপতয়া স্ববাম প্রদেশে সাক্ষাদবতারত্বেনাপি তদ্রূপোবর্ত্ততে (ভক্তিসন্দর্ভ ২৮৬) শ্রীরূপগোস্বামিপাদ 'শ্রীভক্তিরসামৃতসিন্ধু' নামক গ্রন্থে নিজগুরু শ্রীসনাতন গোস্বামিপাদকে নিজের ইষ্টদেবতারূপে স্তুতি করিয়াছেন।

"বিশ্রামমন্দিরতয়া তস্য সনাতন—তনোর্মদীশস্য।
ভক্তিরসামৃতসিন্ধুর্ভবতু বিদুষাং প্রমোদায়॥" (ভঃ রঃ সিঃ ১।৩)

অর্থাৎ ভক্তিরসরূপ অমৃতের সিন্ধু (আনন্দসমুদ্রের ন্যায়) এইগ্রন্থ নিজরূপেই স্থিত হইয়া সর্ব্বদা নানা-শরীর-প্রকাশকারী শ্রীকৃষ্ণনামক মদীয় ঈশ্বরের 'সনাতন' নামক যে শরীর তাঁহার বিশ্রামগৃহরূপে অর্থাৎ গৃহতুল্যরূপে স্বীকার দ্বারা আনন্দ বিধান করুক।

আমরা যে মহাপুরুষের পরম-পাবনী আবির্ভাব-তিথি বন্দনার সৌভাগ্য লাভ করিয়াছি, তিনি শব্দব্রহ্ম শাস্ত্র-তাৎপর্য্যে এবং 'পরব্রহ্ম' অধোক্ষজ অপ্রাকৃত স্বয়ংভগবান শ্রীকৃষ্ণের নামরূপ গুণলীলা-পরিকরগণের অপরোক্ষানুভবে নিষ্ঠাপ্রাপ্ত আচার্য্য কুলপতি জগদ্গুরু জগৎপূজ্য। ইনি তদীয় শ্রীগুরু-পাদপদ্মতুল্য 'সুজনাব্বুদ-রাধিত-পাদযুগ' প্রাচ্যপ্রতীচ্যের বহুসজ্জন তাঁহার শ্রীচরণাশ্রিত, তিনি যেরূপ 'গুরুগৌরকিশোরকদাস্যপর ইনি ও সেইরূপ শ্রীগুরুগৌরাঙ্গদাস্যপরায়ণ, তিনি পরমাদৃত-ভক্তিবিনোদপদ' ইনিও শ্রীভক্তিবিনোদ ঠাকুরের প্রতি পরমশ্রদ্ধালু, তিনি জনকাধিকবৎসলস্নিগ্ধপদ' ইনি আশ্রিত জনগণকে পিতার অধিক স্নেহ করিয়া থাকেন; তিনি 'ভজনোর্জিত সজ্জন সঙ্ঘ-পতি'

ইনিও ভজনপ্রাণ ভজনসমৃদ্ধ সজ্জনসমূহকে পালন করিয়া থাকেন। তিনি 'হরিকীর্ত্তন মূর্ত্তিধর' ইনিও সর্ব্বক্ষণ হরিকীর্ত্তনকারী, তিনি 'পতিতোদ্ধরণে কৃতবেশযতি' ইনিও মাদৃশপতিত জনগণের উদ্ধারের জন্য ত্রিদন্ডসন্ন্যাস গ্রহণ করিয়াছেন। তিনি 'ভুবনেষু বিকীর্ত্তিত গৌরহরি' ইনিও সমগ্রবিশ্বে রাধাকৃষ্ণমিলিততনু শ্রীগৌরসুন্দরের অপ্রাকৃতহরি বিশেষভাবে কীর্ত্তন করিয়াছেন ও কলিতেছেন। তিনি 'তরুধিক্কৃত-ধীর-বদান্যবর' ইনিও তরুর ন্যায় সহিষ্ণু অর্থাৎ তরুকে ছেদন করিলেও সে যেমন ছেদককে কিছু বলে না, প্রত্যুত শাখাপত্রফলপুষ্প দান করিয়া থাকে, সেইরূপ ইনিও অজ্ঞজনের পরুষবাক্য সহ্য করিয়া তাহার নিকটেও হরিকথা কীর্ত্তনরূপ করুণা বিস্তার করিয়া থাকেন। তাঁহার শ্রীপাদপদ্ম বন্দনা করি, বন্দেগুরোঃ শ্রীচরণার বিন্দম্ শ্রীল নরোত্তমের আনুগত্যে উচ্চারণ করি 'শ্রীগুরুচরণ পদ্ম কেবল ভকতি সদ্ম বন্দো মুই সাবধান মতে'॥ (শ্রীগুরুদেব ভক্তির আশ্রয় বিগ্রহ ভক্তির ভাণ্ডারী) যাঁহার প্রসাদে ভাই, এভব তরিয়া যাই, (যস্য প্রসাদাৎ ভগবৎ প্রসাদঃ, 'গুরু প্রসাদো বলবান্ ন তস্মাদ্ বলবত্তরঃ) যাঁহার প্রসাদে ভগবানের প্রসন্নতা, সেই গুরুর প্রসাদ বলবান, তাহা হইতে বলবান কেহ নহে। কৃষ্ণপ্রাপ্তি হয় যাহা হইতে। তিনিই 'হস্তস্থরত্নাদিবৎ' কৃষ্ণকে দিতে পারেন। 'কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার তোমার শকতি আছে' (ঠাকুর ভক্তিবিনোদ) 'চক্ষুদান দিলা যেই জন্মে জন্মে প্রভু সেই দিব্যজ্ঞান হৃদে প্রকাশিত' যিনি শুদ্ধাভক্তির সংস্কার উদ্বোধনরূপ চক্ষুর উন্মীলন করিলেন, যাঁহার কৃপায় হৃদয়ে দিব্য জ্ঞানের প্রকাশ হইল, তিনি কি কেবল এই জন্মে প্রভু, তাঁহার সঙ্গে কি এই জন্মে সম্বন্ধ? এই জন্ম কি প্রাকৃত—জড়জন্ম, যাহাতে 'মৃত্যু' অত্যন্ত বিস্মৃতি আছে, ইহা অপ্রাকৃত জন্ম, ইহা নিত্য, তিনি জন্মে জন্মে প্রভু। নিতাইয়ের চরণ সত্য, তাঁহার সেবক নিত্য।

ভগবান জগতে মনুষ্যাকারে অবতীর্ণ হইলেও প্রাকৃত মনুষ্য নহেন, পরব্রহ্ম। তাঁহাতে যাহারা মনুষ্যবুদ্ধি করে, তাহারা বুদ্ধিভ্রংশকারক রাজস তামস স্বভাব প্রাপ্ত হয়।

"অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মমভূতমহেশ্বরম্॥
মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ॥ (গীতা ৯।১১-১২)

ভগবান বলিতেছেন—সর্ব্বভূতের মহান ঈশ্বর আমার মানুষাকার (আনন্দঘন) এই প্রকৃষ্টরূপ

পরমাত্মতত্ত্ব, ইহা না জানিয়া অজ্ঞগণ আমাকে মানুষ বলিয়া অনাদর করিয় থাকে। তাহাদের সকল আশা সকল কর্ম সকল জ্ঞান নিষ্ফল।

সেইরূপ শ্রীগুরুদেবে মনুষ্যবুদ্ধি করিলে সেই অবজ্ঞারূপ অপরাধে তাহার ভক্তি আবৃত হইয়া থাকে।

"ভাবোঽপ্যভাবমায়াতি কৃষ্ণপ্রেষ্ঠাপরাধতঃ।
আভাসতাঞ্চ শনকৈর্নীচজাতীয়তামপি ॥ (ভঃ রঃ সিঃ)

কৃষ্ণ এবং কৃষ্ণপ্রেষ্ঠ ভক্তের নিকট গুরুতর অপরাধ করিলে ভাবভক্তি ও অভাবত্ব প্রাপ্ত হয়; মধ্যম অপরাধে ভাবভক্তি আভাসতা প্রাপ্ত হয় এবং স্বল্প অপরাধে ভাবভক্তি হীনজাতীয়তা প্রাপ্ত হয়। "আচার্য্যবান পুরুষোবেদ।" আচার্য্য যাহার নিত্যসেবা, সেই মানব শ্রীভগবানকে জানিতে পারে। "আচার্য্যদেবো ভব" আচার্য্য তোমার উপাস্য দেবতা হউন।

"যস্যদেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশান্তে মহাত্মনঃ।"

যাহার আরাধ্যদেবের প্রতি যে প্রকার ভক্তি, গুরুর প্রতি যদি সেই প্রকার ভক্তি হইয়া থাকে, তবে সেই মহাত্মার হৃদয়ে শাস্ত্র কথিত তত্ত্ব সমূহ প্রকাশিত হইয়া থাকে। ভক্তের কথা কি? কর্মিগণেরও গুরুর প্রতি ভগবদ্ দৃষ্টি কর্ত্তব্য। ব্রহ্মচারী প্রকরণের মধ্যে পঠিত হইয়াছে—'আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ। ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্বদেবময়োগুরুঃ' (ভাঃ ১১।১৭।২৭), ভগবান শ্রীউদ্ধবকে বলিতেছেন—আচার্য্য (বেদাধ্যাপক) কে আমি বলিয়া জানিবে, কখনও অবজ্ঞা করিবে না। মনুষ্য বুদ্ধি করিয়া অসূয়া (দোষারোপ) করিবে না। গুরু সর্ব্বদেবময়। সেই কারণে পারমার্থিকগণ তাদৃশ গুরুতে সুতরাংই ভগবদ্দৃষ্টি করিবে, "যস্য সাক্ষাদ ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ। মর্ত্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্ব্বং কুঞ্জরশৌচবৎ" "এষ বৈ ভগবান্ সাক্ষাৎ প্রধানপুরুষেশ্বরঃ। যোগেশ্বরৈর্বিমৃগ্যাঙ্ঘ্রির্লোকোযং মন্যতে নরম্" ॥ (ভাঃ ৭। ৫।২৬ ২৭) 'সাক্ষাৎ ভগবান জ্ঞানদীপ-প্রদাতা গুরুর প্রতি যাহার মনুষ্য এই প্রকার দুর্বুদ্ধি হয়, তাহার শাস্ত্র শ্রবণ হস্তিস্নানের ন্যায় নিষ্ফল। গুরুর পিতাপুত্র প্রভৃতি তাঁহাকে মনুষ্য মনে করিয়া থাকে? তাহার উত্তরে বলিতেছেন - এইগুরু সাক্ষাৎ ভগবানই, ইনি মনুষ্য এই প্রকার বুদ্ধি ভ্রান্তি। তাঁহার পুত্র প্রভৃতিকর্ত্তৃক মনুষ্য বুদ্ধি দ্বারা প্রতীয়মান হইয়াও গুরু ভগবানই যেমন শ্রীকৃষ্ণ (শ্রীধর)। অতএব প্রাকৃত দৃষ্টি ভগবৎ তত্ত্ব গ্রহণে প্রমাণ নহে। আমরা যেন শ্রীগুরু বৈষ্ণবে প্রাকৃত মনুষ্য বুদ্ধিরূপ অনাদর না করি, শাস্ত্র বিশ্বাস-রূপা শ্রদ্ধাসম্পত্তি দানে এই দীনাতিদীনগণকে কৃপা করুন। আমাদের কুটিলতারূপ অপরাধ দূর করুন, সপরিকর আপনার শ্রীচরণে অসংখ্য প্রণতি জানাই। 'যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেমে' ইতি।

—:※:—

শ্রীশ্রীগুরু গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীল গুরুমহারাজের হরিকথা

জনৈক ভক্ত ঃ—দণ্ডবৎ প্রনাম মহারাজ! অনেকদিন আপনার দর্শন পাই নাই। চারিদিকে বিপদ ও নানা সমস্যায় জড়িয়ে পড়েছি। তাই সময় মত আস্‌তে পারি না।

শ্রীল গুরুমহারাজ ঃ—এই জগতের প্রতি দুর্ব্বার আকর্ষণ, রাগ, দেষ, অহঙ্কারই হল মূল বিপদ। সংস্কারাবদ্ধ আমাদের আসক্তিই এখন পথ-প্রদর্শক হয়ে দাঁড়িয়েছে। প্রকৃত পক্ষে তারই হাত হতে নিস্কৃতি পাওয়া দরকার। আত্মরক্ষা করা দরকার। শান্তিলাভের জন্য, আনন্দ লাভের জন্য, সুখলাভের জন্য আমরা সকলেই দৌড়াদৌড়ি করে বেড়াচ্ছি। পারিপার্শ্বিকতাতে দোষ দিচ্ছি কিন্তু মূল বিষয়ের দিকে দৃষ্টি দেবার সময় পাচ্ছি না। তাদের *reform* করতে চাই কিন্তু তা *Imposible* শান্তিলাভের চাবিকাঠি নিজেকে *Control* করা এবং পারিপার্শ্বিকতার সঙ্গে *Adjust* করা। ভাল মন্দ লাভ লোকসান শীত-উষ্ণ সুখ দুঃখ সবই আগমাপায়ী। তুমি নিজের দিকে তাকাও। নিজের প্রতি সুবিচার কর। "আত্মৈব আত্মনো বন্ধু আত্মৈব রিপুরাত্মনঃ।"তোমার একমাত্র কর্ত্তব্য হল সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। দায়িত্বটা নিজের কাঁধে না রেখে আমার ওপর ছেড়ে দাও। এই হল গীতার দান। একজন জার্ম্মান্ পণ্ডিত—নামট মনে পড়ছে না (আমরা কলেজে পড়েছিলাম তাঁর সম্বন্ধে)। তিনি বলেছিলেন—গীতা হচ্ছে পৃথিবীর মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্মগ্রন্থ। কেননা গীতায় বলেছে *environment* এর ওপর তোমার কোন হাত নাই। তুমি নিজেকে *control* করে তার সঙ্গে *adjust* করে নাও শান্তি পাবে। যাইহোক শ্রীমদ্ভাগবত অবশ্য আরও উন্নত বিচারের এক ষ্টেপ্ এগিয়ে দিয়েছেন।

তত্ত্বেঽনুকম্পাং সুসমীক্ষমানো ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং।
হৃদ্বাক্ বপুর্ভির্বিদধন্নমস্তে জীবেত যো মুক্তি পদে স দায়ভাক্।"

অর্থাৎ সর্ব্বত্রই ভগবানের হাত রয়েছে। তিনি নিষ্ঠুরও নন অবিচারকও নন। যা কিছু আস্‌ছে তোমার কল্যাণের জন্য আস্‌ছে। তিনি মঙ্গলময়। এবং স্নেহময়। সম্পদ বিপদ পারিপার্শ্বিকতা সব কিছুর মূলে তাঁর ইচ্ছা কাজ করছে এবং সবটাই আমাদের মঙ্গলের জন্য। তাঁর *Sanction* ছাড়া কিছুই ঘট্‌তে পারে না। তিনি সজাগ দৃষ্টিতে সবকিছু দেখ্‌ছেন। অতএব বন্ধুভাবে সব কিছুর ফেস্ করতে হবে। 'ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং।' দোষটা নিজের ঘাড়ে নাও। তাঁর রাজ্যে সবই সুন্দর। সেই সুন্দরের *Influence* এসে তোমাকেও সুন্দর করে দেবে। এই বিচারে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারলেই দেখ্‌বে তুমি সব ঝামালা হতে মুক্তি লাভ করে স্বরূপে প্রতিষ্ঠিত হয়ে গেছ। সুন্দরের দেশে প্রবেশ লাভ করেছ। সত্যম্ শিবম্ সুন্দরম্। অখিল কল্যাণ গুণমণি তিনি। শুধু কর্ম্ম বা জ্ঞানমুক্তি নয়, মুক্ত স্বরূপে-তোমার *Orginal* স্বরূপে প্রতিষ্ঠিত হয়ে যাবে। "মুক্তির্হিত্বান্যরূপং স্বরূপেন ব্যবস্থিতিঃ।" অর্থাৎ সেবাভূমিকায় প্রতিষ্ঠিত হয়ে যাবে। শ্রীমদ্ভাগবতের ঐ শ্লোকটী আমাদের অনেক আশা অনেক ভরসা দিয়ে আশ্রয় দিয়েছেন। শুধু *Proper adjustment* দরকার।

পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মফলে যেখানে যেখানে ভেসে উঠ্‌ছি, সেইখানে একটা করে ডিউটী পড়ে যাচ্ছে। এর আর শেষ নাই বা এভাবে একে শেষ করা যাবেও না। তুমি কত *Dimand* মেটাবে, তাই ভগবান গীতায় যেন সোনার থালায় অমৃত পরিবেশন করে দিয়েছেন—

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥"

Absolute call of life ঐ দিকে লক্ষ্য রেখে এগিয়ে চল। ভগবান বল্‌ছেন—"আমি 'আছি কোন' অসুবিধা হবে না। সব দায়িত্ব আমি নেব।" আমি যখন মঠে এলাম, আমার গুরুদেবের কাছে, সেই সময়ের ঘটনা বলি। শ্রীমায়াপুর মন্দিরের প্রতিষ্ঠা, হল, মন্দিরেতে ঠাকুর গেলেন। মহাপ্রভুর জন্মোৎসব পরিক্রমা শেষ হয়েছে। উৎসব শেষে যে যার বাড়ী যাচ্ছেন। শ্রীল প্রভুপাদ একটী ক্যানভাসের চেয়ারে বারান্দায় বসে আছেন। আমি শোনার

আগ্রহ নিয়ে তাঁর পিছনে গিয়ে বসেছি, বাড়ী যাবার আগে ভক্তরা তাঁকে প্রণাম করতে এসেছেন। প্রভুপাদ তাঁদের বল্‌লেন—'আপনারা আমাকে বঞ্চিত করবেন না।' আমি কানখাড়া কর্‌লাম। বঞ্চিত হবার কি আছে? উৎসব সমাপ্ত হল, যে যার বাড়ী যাচ্ছেন—এতে বঞ্চনার কি হল? প্রভুপাদ বল্‌ছেন—আপনারা আমাকে আশ্বাস দিয়েছেন—আপনারা কৃষ্ণভজন করবেন। আমিও সেই জন্যে আপনাদের সঙ্গে একটা সম্বন্ধেতে আবদ্ধ হয়েছি। এখন দু'চার দিনের জন্য এসে আবার ফিরে যাচ্ছেন—সেই আবার সংসারেই। তা হলে তো আমি বঞ্চিতই হয়ে গেলাম। যদি বলেন, না প্রভু! বঞ্চনা করি নাই, এই দু'চারদিন একটু কাজ কর্ম্ম গুছিয়ে চুকিয়ে দিয়ে আমরা আবার ফিরে আসছি, এসে যা বল্‌বেন তাই করবো। আমি বলবো তার কোন প্রয়োজন নাই। যদি কেহ বলেন যে ঘরে আগুন লেগেছে আগুনটা নিভেই দিয়েই আস্‌ছি, আমি বলবো তারও প্রয়োজন নাই। আপনাদের, আমাদের সকলেরই একমাত্র স্বার্থগতি হচ্ছেন শ্রীকৃষ্ণ। তাঁর সেবা ছাড়া জীবের আর কোন *Duty* নাই। সমগ্র দুনিয়া পুড়ে ছাড়খার হয়ে গেলেও আপনার কোন ক্ষতি হয় না। আপনি চিন্ময় জীবাত্মা। আপনি মরেন না, পোড়েন না, আপনি নিত্য সনাতন তত্ত্ব। একমাত্র কৃষ্ণসেবা ছাড়া আপনার আর কোন কর্ত্তব্য নাই। আপনার যাবতীয় প্রয়োজন সব কৃষ্ণপাদপদ্মে। সেই সময় আমি *Finally Surrender* করলাম তাঁর চরণে। বুঝলাম সত্যিই তো আমরা সুখ চাচ্ছি, শান্তি চাচ্ছি, রস চাচ্ছি, যা কিছু চাচ্ছি তার ভেতর *Unconsusly* তাঁকেই চাচ্ছি। কেননা তিনি অখিলরসামৃতমূর্ত্তি। রসই হল *Medium*। যেমন টাকা পয়সা, পাউণ্ড, ডলার, রুবল প্রভৃতির মূল *Standered* হচ্ছে *Gold,* সেই রকম আস্তিক হতে নাস্তিক পর্য্যন্ত সকলের—সব কিছুর মূল *Standired* হচ্ছে 'রস'। এজগতে সে জিনিষ কোথায় পাবো? ঐ পরতত্ত্বে *Absolutely Surrender* ছাড়া আর কোথাও পাওয়ার সম্ভাবনা নাই, কেননা বেদান্ত বলছেন "রসো বৈ সঃ" তিনিই হলেন অখিল রসের মূর্ত্ত বিগ্রহ। "চৈতন্যোরসবিগ্রহ" *Extascy* সত্যম্ শিবম্ সুন্দরম্। *Reality the Beautifull* তা সে কর্ম্ম, জ্ঞান, যোগ পন্থা—কোন পন্থাতেই তো পাবে না—ঐকান্তিক শরণাগতি ছাড়া সে জিনিস পাওয়ার আর কোন পথ নাই। "কর্ম্মবন্ধ জ্ঞানবন্ধ আবেশে মানব অন্ধ। তাতে কৃষ্ণ করুণা সাগর॥ পাদপদ্ম মধু দিয়া অন্ধভাব ঘুচাইয়া। চরণে করেন অনুচর॥" শ্রীমন্মহাপ্রভু

তাই যখন রাম রায়ের মুখে শুনলেন যে "জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব জীবন্তি" তখন বললেন, হ্যাঁ, "এহো হয় আগে কহ আর ॥" জ্ঞানশূন্যা ভক্তি। *Super subjective* এরিয়াতে যেতে হবে। জ্ঞানের চরম ভূমিকা হচ্ছে *justice*। কিন্তু *justice* এর উপর হল *Mercy*। জ্ঞান তা দিতে পারে না। স্নেহময় ভূমিকা, প্রেমময় ভূমিকা, সেবাময় ভূমিকায় সেইটা পাওয়া সম্ভব। শ্রীমন্মহাপ্রভু সকলকে সেই দিকে টেনে নেবার জন্যই আবির্ভূত হয়েছেন। বাস্তব জীবনের একমাত্র *Solution* হচ্ছে ব্রহ্ম পরমাত্মার অনেক ওপরে যে ভগবৎ ধাম, সেই ধামের মধ্যে জ্ঞানশূন্যাভক্তির যে বিভিন্ন উত্তমোত্তম প্রকোষ্ঠে ভগবানের সেবাবিলাস চলছে, কোনপ্রকারে সেইখানে একটু আশ্রয় করে নেওয়া। সেইটাই হল জীবের চরম প্রাপ্তি। একমাত্র সম্পদ।

——::(*)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগুরুপ্রেমধাম

আমাদের চৈতন্যসত্তা ও তার স্বাভাবিক অভিব্যক্তি যেমন অভিন্ন, জীবন ও জীবনবোধ, ভগবৎতত্ত্ব ও শ্রীভগবৎপ্রেম যেমন একাত্ম, শ্রীনাম ও নামী, শক্তি ও শক্তিমান, প্রভাত-সূর্য্য ও তার অরুণ আলোকচ্ছটা যেমন, শ্রীভগবান ও তদীয় প্রিয়তমবিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম যেরূপ এক-অভিন্ন স্বরূপ ঠিক তদনুরূপ শ্রীগুরুপাদপদ্ম ও তাঁর অগ্রগণ্য, অতিপ্রিয়, একনিষ্ঠ অধস্তন, উত্তরাধিকারী, সাক্ষাৎ সেবাবিগ্রহ আচার্য্যবরও পরস্পর অভিন্ন বা একাত্ম, অতএব একান্ত স্বাভাবিকভাবেই সেই শ্রীগুরুকরুণামূর্ত্তি আচার্য্যবরের প্রতি শরণাগতি, সেবা, আন্তরিক পূজা নিবেদনের মধ্য দিয়েই শ্রীগুরুপূজা আদর্শভাবে সুষ্ঠুরূপে সম্পন্ন হয়। ভক্তি-শাস্ত্রে বহু ক্ষেত্রেই 'তাঁর পূজা' অর্থাৎ ভগবানের পূজা অপেক্ষা 'তদীয়ের পূজা' বা তাঁর ভক্তের পূজাকে শ্রেষ্ঠতর বলা হয়েছে—

—"তস্মাৎ পরতরং দেবি ! তদীয়ানাং সমর্চ্চনম্"।

'মদ্ভক্তপূজাভ্যধিকা' ইত্যাদি শ্লোকনিচয়ে সেই আশাময়ী, প্রাণবন্ত বাণীই দেখতে পাই। আমাদের প্রতি ভগবান শ্রীমন্মহাপ্রভুর তথা অন্যান্য গুরুবর্গের শিক্ষাই হোলো আরোহ পন্থায় নয় অবরোহ পন্থায়, শ্রৌত পন্থায়, আনুগত্যময়ী সেবা-পন্থাতেই ভগবদুপলব্ধি ঘটে এবং এই ভগবদুপলব্ধি শ্রীগুরুদেবের আনুগত্যময়ী সেবার মধ্য-দিয়েই লব্ধ হয়। অতএব 'শ্রীগুরুপূজার' মাধ্যমেই যেমন 'ভগবৎ-পূজা' অনুরূপভাবে শ্রীগুরু-অনুকম্পিত, তাঁরই কায়ব্যূহ-বিস্তার, বৈভব স্বরূপ, একান্ত প্রেষ্ঠ সেবক আচার্য্যদেবের আরাধনাই শ্রীগুর্ব্বারাধনা। আজ আমাদের জীবনের শ্রেষ্ঠতম শুভদিন; নিঃসীম আনন্দঘনলগ্ন, অখিলকল্যাণের উৎস শ্রীগুর্ব্বাবির্ভাবতিথি-পূজা-বাসর। শুদ্ধ শাস্ত্রীয় নিয়মে যেমন ভগবৎপূজার পূর্ব্বে 'আদৌ শ্রীগুরুপূজা' বিহিত হয়েছে অনুরূপভাবে এই পরম প্রিয় লগ্নে শ্রীগৌরাঙ্গাভিন্নতনু শ্রীগুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেব গোস্বামী মহারাজের

আরাধনার পূর্ব্বে তাঁর পরমপ্রিয়, অভিন্নস্বরূপ, অতীব অনুকম্পিত আচার্য্যবর ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসুন্দর গোবিন্দ মহারাজের প্রতি যথাযোগ্য পূজা, মর্য্যাদা, শ্রদ্ধা, ভালবাসা অর্পণ করে তাঁর আনুগত্যে, আশ্রয়ে পূর্ণাঙ্গ গুরুপূজাই শুদ্ধ ভক্তিসিদ্ধান্তসম্মত কর্তব্য। মহাজন মুখনিঃসৃত 'গুরুজন শিরে পুনঃ শোভা পায় শতগুণ'—পদটিতে সেই উদার, সৌন্দর্য্যময় অনুভবই লাভ করি। তাঁর উন্নত শিরেই শ্রীগুরুদেবের সুচ্চ, অনন্ত মহিমারাশি আরও গৌরবান্বিত ভাবে, শতলীলাবিলাসে শোভাপ্রাপ্ত হয়। আমরা আর কতখানি জানি বা পারি গুরুপাদপদ্মকে আরাধনা করতে; ভালবাসতে? তাঁর হৃদয়ের প্রসারিত অনুভব, দৃঢ় শ্রদ্ধা, গভীর গুরুপ্রেম, প্রগাঢ় অনুরাগ-সেবাচেষ্টার সামান্য স্পর্শ পেলেও শ্রীগুরুতত্ত্বের অপ্রাকৃত স্বরূপ-মহিমা অনন্ত গরিমারাশি তাঁর অনুরাগময় আরাধনার দিব্য অমৃত-সৌন্দর্য্য কিছুটা অনুভব করতে পারি। তিনি গুরুপ্রেমময়, শ্রীগুরুপ্রেমধাম। আমরা প্রত্যক্ষ করি যে কিভাবে তিনি শ্রীল মহারাজের ইচ্ছা-ইঙ্গিতে, অভীষ্ট অনুসারে, সন্তোষ অনুযায়ী স্বীয় শ্রদ্ধা, স্নেহ, অনুরাগ সহযোগে বিবিধভাবে প্রতিনিয়ত সেবা করে চলেছেন এবং বিশ্বকল্যাণে তার (সেবার) চিরন্তন সৌরভ, অমৃতাস্বাদ স্বকৃপায় আমাদের মাঝে বিতরণ করে চলেছেন। বিচিত্র জাগতিক প্রতিকূলতা, প্রচণ্ড বাধা, বিপদ, ঝড়-ঝঞ্ঝা, আঘাতের মুহূর্তেও সবকিছু আপন শরীরে সহিষ্ণুতার সাথে গ্রহণ করে ধৈর্য্যধারণ-পূর্ব্বক গুরুপাদপদ্মের উদ্বেগ গ্রহণ করে তাঁর পাশে সব সময় নিজ কর্তব্যে দৃঢ়, অটল থেকেছেন। আমরা শ্রীল মহারাজের শ্রীমুখ থেকে ওঁর বিষয়ে অনেক প্রশংসা শুনেছি—তার অন্যতম 'ওঁর বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীশম্ভুর অংশে জন্ম; সুতরাং তাঁর চরিত্রের কিছু বৈশিষ্ট্য 'সিদ্ধি ওঁর মধ্যে দেখা যায়।' আমাদের বিভিন্ন দোষ, ত্রুটি উপেক্ষা করে তিনি সকলকে স্নেহশীল অভিভাবকের ন্যায় বন্ধুর ন্যায়, স্নেহ-বাৎসল্যে একত্রে আগলে রেখে শ্রীগুরুসেবা-সৌভাগ্যের সুযোগ প্রদান করে চলেছেন। স্বাভাবিকভাবেই তাঁর নিকট আমাদের কৃতজ্ঞতা অনেক বড়।

তাঁর শ্রীল গুরুমহারাজের জীবন, চরিত্র, বিরাট পাণ্ডিত্য-প্রতিভা, মহত্ত্ব এক কথায়, মহিমা-শংসনমূলক রচনাবলী প্রাণস্পর্শী ও মনোমুগ্ধকর। শ্রীল মহারাজের বাণী, শুদ্ধ ভক্তিসিদ্ধান্ত, ভাবাদর্শ, চারিত্রিক মহত্ত্ব-গৌরব যে অপূর্ব্ব কাব্যময় ভাব ও ভাষারসুষমার মাঝে আত্মপ্রকাশ করেছে তা সত্যই প্রশংসনীয়; সুমেধগণের আস্বাদনীয়, তাঁর অন্তরের ভাবৈশ্বর্য্য, সৌন্দর্য্যেরই

প্রকাশ। শ্রীগুরুদেব নিজে তার প্রশংসা করে অনেক সময় সুখলাভ করেছেন ও সেই সঙ্গে অন্যান্য বিদ্বন্মণ্ডলীও সমাদর করে, প্রশংসা করে অভিনন্দন জানিয়েছেন। এই প্রসঙ্গে তাঁর 'শ্রীগৌড়ীয়-দর্শন' পত্রিকা ও অন্যান্য ভক্তিগ্রন্থের সম্পাদনা ও উল্লেখযোগ্য। তাঁর এই স্বাভাবিক প্রতিভা ও গৌড়ীয় দর্শনে এক স্বতঃস্ফূর্ত অধিকার, শ্রীমন্মহাপ্রভুর গুণ-কীর্ত্তনে অসাধারণ যোগ্যতা দর্শনে শ্রীগুরুপাদপদ্ম বহু পূর্ব্বেই তাঁকে শ্রীমঠের পরবর্ত্তী আচার্য্যরূপে মনোনীত করেছিলেন।

